

(একই নম্বর ও তারিখ সম্বলিত প্রতিস্থাপক পরিপত্র)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-২

৮-২/০৮
২২/০৮/০৭

নম্বর : শা-২/২এম-২৬/২০০৭/৫৪২

তারিখঃ ১৫ নভেম্বর ২০০৭

পরিপত্র

সরকারী অফিস কক্ষের আয়তন সংক্রান্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে জারীকৃত ৯ আগষ্ট ১৯৮৩ তারিখের শা-৬/১বি/৪৮/৮ ১/৫৭৭ সংখ্যক পরিপত্রের চতুর্থ অনুচ্ছেদে বর্ণিত প্রাপ্যতা নিম্নোক্তভাবে সংশোধন করা হলোঃ

ক্রম	পদবী	কক্ষের পরিমাণ	মন্তব্য
১।	মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী	৩৬৬ বর্গফুট	সংযুক্ত টয়লেট সহ কক্ষ
২।	সচিব/অতিরিক্ত সচিব/পদমর্যাদা সম্পন্ন অন্যান্য কর্মকর্তা	৩২৫ বর্গফুট	সংযুক্ত টয়লেট সহ কক্ষ
৩।	যুগ্ম-সচিব ও তদসম্পন্ন পদমর্যাদা কর্মকর্তা	২২৫ বর্গফুট	সংযুক্ত টয়লেট সহ কক্ষ
৪।	উপ-সচিব ও তদসম্পন্ন পদমর্যাদা অন্যান্য কর্মকর্তা	১৬০ বর্গফুট	যৌথ টয়লেটসহ স্বতন্ত্র ব্যবস্থা
৫।	প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা	১০০ বর্গফুট	স্বতন্ত্র কক্ষ, কিন্তু তত্ত্বাবধানের সুবিধার্থে প্রয়োজন বোধে বৃহৎ কক্ষের মধ্যে ক্ষুদ্র প্রকোষ্ঠের ব্যবস্থা করা যেতে পারে
৬।	তৃতীয় শ্রেণীর কর্মচারী	৬০ বর্গফুট	যৌথভাবে বন্ডিত

(২) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের জন্য, প্রয়োজ্য ক্ষেত্রে, একটি করে স্বতন্ত্র সম্মেলন কক্ষ, স্টোর রুম, রেকর্ড রুম ও দর্শনালয় কক্ষ থাকতে পারে। তবে শর্ত থাকে যে, সরকারী প্রয়োজনে বেসরকারী বাড়ী ভাড়া করতে হলে ভাড়া গ্রহণের পূর্বে অবশ্যই গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ধীন সরকারী আবাসন পরিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(৩) পরিকল্পনা কমিশন কর্তৃক জারীকৃত Building Standards Part-1 অনুযায়ী বারান্দা, সিঁড়ির, লিফট রুম ইত্যাদির জন্য Low Public Contact অফিসের ক্ষেত্রে মোট কার্পেট এরিয়ার ১.৫০ গুন এবং High Public Contact অফিসের ক্ষেত্রে ১.৭৫ গুন অফিস স্থানের ব্যবস্থা থাকতে পারে।

(৪) অফিস আয়তন সংক্রান্ত এ-আদেশ অবিলম্বে কার্যকর হবে। সরকারী আবাসন পরিদপ্তরের ০১ ফেব্রুয়ারী ১৯৮৭ তারিখে জারীকৃত ওএ-আর/১০৬/৭৩/১/৮৭ সংখ্যক বাতিল করা হলো।

(৫) এতে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

২ ০৫ জুন
১৫/১১/০৭
(এস এম হাবিবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব।

বিতরণঃ(ক্ষেত্রতা একমুখায়া নহে)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব/ডায়েরপ্রাপ্ত অতিরিক্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, রাজউক/এন.এইচ.এ/চউক/রাউক/খউক।
- ৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট।
- ৮। যুগ্মসচিব(প্রশাসন/উন্নয়ন/মনিটারিং সেল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর/অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর/নগর উন্নয়ন অধিদপ্তর/এইচ.বি.আর.আই, ঢাকা।
- ১১। উপ-সচিব(প্রশাসন-৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।